গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
৩ সার্কিট হাউজ রোড, ঢাকা-১০০০
www.pib.gov.bd

**ইনোভেশন টিমের জানুয়ারি ২০২৪ মাসের সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | ড. কামরুল হক<br>পরিচালক (গবেষণা ও তথ্য সংরক্ষণ) (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ১০ জানুয়ারি ২০২৪ |
| সভার সময় | ১১:০০ টা |
| স্থান | পরিচালক (গবেষণা ও তথ্য সংরক্ষণ) এর কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট- ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম উপস্থাপনের জন্য ইনোভেশন টিমের সদস্য-সচিব ও মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব) জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা-কে আহ্বান জানান। সেই অনুসারে জনাব আফতাব জানান, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় থেকে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার দ্বিতীয় ত্রৈমাসিক প্রতিবেদন (প্রমাণকসহ) অনলাইনে (egov.cabinet.gov.bd) প্রেরণের জন্য অনুরোধ করেছে। সে অনুযায়ি প্রতিবেদনের একটি খসড়া তৈরি করা হয়েছে। তিনি উক্ত প্রতিবেদন পড়ে শোনান। এ প্রান্তিকে (অক্টোবর-ডিসেম্বর ২০২৩) কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক [২.১.১] অনুযায়ি ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদ করা হয়েছে এবং সেবাসমূহ চালু রয়েছে। কর্মসম্পাদন সূচক [৪.১.১] অনুযায়ি ডি-নথিতে মোট ৮৩.২৮% নোট নিষ্পত্তি হয়েছে। কর্মসম্পাদন সূচক [৫.১.১] অনুযায়ি যথাসময়ে তথ্য বাতায়ন হালনাগাদ করা হয়েছে। কর্মসম্পাদন সূচক [৬.১.১] অনুযায়ি স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।
এ প্রেক্ষিতে উক্ত কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা শেষে এ প্রান্তিকের প্রতিবেদন চূড়ান্ত করা হয় এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রমাণকসহ অনলাইনে প্রেরণের নির্দেশনা দেয়া হয়।

২। সভাপতি আগামী প্রান্তিকে (জানুয়ারি-মার্চ ২০২৪) কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক [২.১.১] অনুযায়ি কি কি কার্যক্রম নেয়া প্রয়োজন তা উপস্থাপনের জন্য মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব) জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা-কে আহ্বান জানান। জনাব আফতাব জানান, কর্মসম্পাদন সূচক [১.১.১] অনুযায়ি একটি উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত ধারণা বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। কর্মসম্পাদন সূচক [৩.১.১] অনুযায়ি ইনোভেশন শোকেসিং করার নির্দেশনা রয়েছে। এছাড়া কর্মসম্পাদন সূচক [৬.১.১] অনুযায়ি স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক একটি কর্মশালা বাকী রয়েছে।
এ প্রেক্ষিতে পরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব বলেন, কর্মসম্পাদন সূচক [৬.১.১] অনুযায়ি স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক একটি কর্মশালা জানুয়ারি ২০২৪ মাসের শেষ সপ্তাহে করা যেতে পারে। এবং মার্চ ২০২৪ মাসে কর্মসম্পাদন সূচক [৩.১.১] অনুযায়ি ইনোভেশন শোকেসিং করা যেতে পারে। এছাড়া প্রভাষক জনাব শুভ কর্মকার বলেন, অনলাইনে আবেদনের মাধ্যমে স্নাতকোত্তর ডিপ্লোমার শিক্ষার্থীদের প্রত্যয়নপত্র উত্তোলন করার বিষয়টি কর্মসম্পাদন সূচক [২.১.১] অনুযায়ি একটি উদ্ভাবিত ধারণা হিসেবে বাস্তবায়ন করা যেতে পারে। টিমের সকল সদস্য উক্ত প্রস্তাবগুলোতে একমত পোষণ করে।

৩। জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা জানান, গত ১৬ নভেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালার রিপোর্টের আলোকে প্রভাষক জনাব শুভ কর্মকারের সঙ্গে আলোচনাপূর্বক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক [৬.১.২] অনুযায়ি স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনার খসড়া তৈরি করা হয়েছে।

এ প্রেক্ষিতে উক্ত কর্মপরিকল্পনা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সকল সদস্য এতে অংশ নেন। বিস্তারিত আলোচনা শেষে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা চূড়ান্ত করা হয়। এবং নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রম | সিদ্ধান্ত |
|---|---|
| ১। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কর্মসম্পাদন সূচক ১.১.১ অনুযায়ি "অনলাইনে আবেদনের মাধ্যমে স্নাতকোত্তর ডিপ্লোমার শিক্ষার্থীদের প্রত্যয়নপত্র উত্তোলন" করার বিষয়টি বাস্তবায়ন করা হবে। এ বিষয়ে প্রভাষক জনাব শুভ কর্মকার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। |
| ২। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কর্মসম্পাদন সূচক ৬.১.১ অনুযায়ি স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক একটি কর্মশালা জানুয়ারি ২০২৪ মাসে আয়োজন করা হবে। |
| ৩। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কর্মসম্পাদন সূচক ৬.১.২ অনুযায়ি প্রণয়নকৃত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা মহাপরিচালক মহোদয়ের অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। |
| ৪। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কর্মসম্পাদন সূচক ৬.১.১ অনুযায়ি স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক একটি সেমিনার ডিসেম্বর ২০২৪ মাসে আয়োজন করা হবে। |
| ৫। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কর্মসম্পাদন সূচক ৩.১.১ অনুযায়ি ৩০ মার্চ ২০২৪ এর মধ্যে ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন করা হবে। |

ইনোভেশন অফিসার ও পরিচালক (গবেষণা ও তথ্য সংরক্ষণ), (অতিরিক্ত দায়িত্ব) ড. কামরুল হক পিআইবি'র ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল দপ্তরের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫-০১-২০২৪


ড. কামরুল হক

পরিচালক (গবেষণা ও তথ্য সংরক্ষণ) (অতিরিক্ত দায়িত্ব)

৪৮৩১৬৪২৪ (ফোন)

৮৮০২-৪৮৩১৭৪৫৮ (ফ্যাক্স)


তারিখ: ১ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ১৫.৬২.০০০০.০০২.১৬.০০৪.২২.৩৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব), প্রশাসন বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি);

২। শুভ কর্মকার, প্রভাষক, অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি);

৩। সহ-সম্পাদক, প্রকাশনা ও ফিচার বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) এবং

৪। স্টোর কীপার (অতিরিক্ত দায়িত্ব), স্টোর শাখা, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)।

১৬-০১-২০২৪


মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা

মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব)


**সকল সংযুক্তিসমূহ:**

(১) পরিশিষ্ট- ক

(২) Smart_BD_workplan

(৩) Smart Bangladesh_workplan

(৪) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর দ্বিতীয় কোয়ার্টার প্রতিবেদন